# আল-মুতাফফিফীন | Al-Mutaffifin | ٱلْمُطَفِّفِين

আয়াতঃ ৮৩ : ৯

## আরবি মূল আয়াত:

كِتَٰبٌ مَّرْقُومٌ ۝ ﴿٩﴾

## অনুবাদসমূহ:

লিখিত কিতাব। — আল-বায়ান

সীলমোহরকৃত কিতাব। — তাইসিরুল

ওটা হচ্ছে লিখিত পুস্তক। — মুজিবুর রহমান

It is [their destination recorded in] a register inscribed. — Sahih International

### ৯. চিহ্নিত আমলনামা।(১)

(১) مَرْقُومٌ শব্দের কয়েকটি অর্থ আছে, লিখিত, চিহ্নিত এবং মোহরাঙ্কিত। [কুরতুবী] অর্থাৎ কিতাবটি লিখা শেষ হওয়ার পর তাতে মোহর মেরে দেয়া হয়েছে। ফলে তাতে হ্রাসবৃদ্ধি ঘটবে না। আর কিতাব বলতে, আমলনামা বোঝানো হয়েছে। ইবনে কাসীর বলেন, এটা সিজ্জীনের তাফসীর নয়; বরং পূর্ববর্তী (كِتَابَ الْفُجَّارِ) এর বর্ণনা। অর্থ এই যে, কাফের ও পাপাচারীদের আমলনামা মোহর লাগিয়ে সংরক্ষিত করা হবে। ফলে এতে হ্রাস-বৃদ্ধি ও পরিবর্তনের সম্ভাবনা থাকবে না। এই সংরক্ষণের স্থান হবে সিজ্জীন। এর প্রমাণ আমরা বারা ইবনে আযিব রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসে দেখতে পাই। সেখানে বলা হয়েছে, মহান আল্লাহ্ কাফেরদের রূহ হরণ হওয়ার পর বলবেন, اكْتُبُوا كِتَابَهُ فِي سِجِّينٍ فِي الأَرْضِ السُّفْلَى "তার কিতাবকে সর্বনিম্ন যমীনে সিজ্জীনে লিখে রাখ"। [মুসনাদে আহমাদ ৪/২৮৭]

তাফসীরে জাকারিয়া

### ৯। ওটা হচ্ছে লিপিবদ্ধ পুস্তক।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5857

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন